# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৪৯

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১২৮. নিফাসগ্রস্তা নারীরা কত দিন অপেক্ষা করবে।

بَاب مَا جَاءَ فِي النُّفَسَاءِ كَمْ تَجْلِسُ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا الْمُحَارِبِيُّ، عَنْ سَلاَّمِ بْنِ سُلَيْمٍ، ـ أَوْ سَلْمٍ شَكَّ أَبُو الْحَسَنِ وَأَظُنُّهُ هُوَ أَبُو الأَحْوَصِ ـ عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَقَّتَ لِلنُّفَسَاءِ أَرْبَعِينَ يَوْمًا إِلاَّ أَنْ تَرَى الطُّهْرَ قَبْلَ ذَلِكَ .

বাংলা

২/৬৪৯। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিফাসগ্রস্তা নারীদের নিফাসকাল চল্লিশ দিন নির্ধারণ করতেন। এই মেয়াদের আগেই কেউ পবিত্র হলে তা স্বতন্ত্র ব্যাপার।

## English

It was narrated that Anas said:
"The Messenger of Allah set the time for postnatal bleeding at forty days, except for one who becomes pure before that."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ১৩৬-৩৭, নাসায়ী ২৮৯, ৩৭০; আবূ দাঊদ ২৬৪-৬৬, ২১৬৮-৬৯, আহমাদ ২০৩৩, ২১২২, ২২০২, ২৪৫৪, ২৫৯০, ২৭৮৪, ২৮৩৯, ৩১৩৫, ৩৪১৮, ৩৪৬৩; ১১০৫; ইবনু মাজাহ ৬৪০।

তাহক্বীক্ব আলবানী: যঈফ জিদ্দান। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ৩২৯, যঈফাহ ৫৬৫৩। উক্ত হাদিসের রাবী সাল্লাম বিন সুলায়ম সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার থেকে একাধিক মুনকার হাদিস বর্ণিত হয়েছে। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল তার হাদিস গ্রহণযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী তাকে দুর্বল বলে আখ্যায়িত করেছেন। ইমাম বুখারী বলেন, হাদিস বিশারদগণ তাকে প্রত্যাখ্যান করেছেন। জাওযুজানী বলেন, তিনি সিকাহ নন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10867

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন